

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪  
সিএন্ডএফ এজেন্টস হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- [www.cnfctg.org](http://www.cnfctg.org), [www.cnfctg.net](http://www.cnfctg.net)  
E-mail- [cnfctg@gmail.com](mailto:cnfctg@gmail.com), [cnfctg@yahoo.com](mailto:cnfctg@yahoo.com)

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৫১/২০১৯

তারিখঃ ০৮/০৯/২০১৯ খ্রিঃ

### সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ স্মারক নং-এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/১৪৬৩৩ (কাস), তারিখ-২৯/০৮/২০১৯খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-  
মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

[www.chc.gov.bd](http://www.chc.gov.bd) E-mail:[customhousectg@gmail.com](mailto:customhousectg@gmail.com)

### অফিস আদেশ

#### বিষয়ঃ কায়িক পরীক্ষণ যথাসময়ে সম্পন্নকরণ।

সম্প্রতি উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, শতভাগ কায়িক পরীক্ষণ, গার্মেন্টস গ্রীণ চ্যানেল এবং আনস্টাফিং এর মাধ্যমে কায়িক পরীক্ষণের জন্য নির্ধারিত পণ্যচালানসমূহ পরীক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় দলিলাদি পরীক্ষণকারী কর্মকর্তার নিকট অনেক বিলম্বে উপস্থাপন করা হচ্ছে। এর ফলে একদিকে দৈনন্দিন কার্যক্রম বিলম্বে শুরু করতে হচ্ছে এবং অধিক রাত পর্যন্ত পরীক্ষণ কার্যক্রম চলমান রাখতে হচ্ছে। এতে করে অনেক ক্ষেত্রেই দিনের কাজ দিনে শেষ করা সম্ভব হচ্ছে না।

২। বর্ণিতাবস্থায়, প্রতিদিনের কার্যক্রম সংশ্লিষ্ট দিনেই শেষ করার লক্ষ্যে আগামী ২৯/০৮/২০১৯খ্রিঃ তারিখ হতে নিম্নরূপ পদ্ধতি অনুসরণপূর্বক পরীক্ষণ কার্যক্রম সম্পাদনের বিষয়ে কাস্টম হাউস কর্তৃপক্ষ এবং সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন একমত হয়েছেন।

ক) শতভাগ কায়িক পরীক্ষণ এবং গার্মেন্টস গ্রীণ চ্যানেল এর মাধ্যমে কায়িক পরীক্ষণের জন্য নির্ধারিত পণ্যচালানসমূহ পরীক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় দলিলাদি প্রতিদিন সকাল ১১.০০টার মধ্যে পরীক্ষণকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করতে হবে যাতে পরীক্ষণকারী কর্মকর্তা প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করে সকাল ১১.৩০ টার মধ্যেই পরীক্ষণ কার্যক্রম শুরু করতে পারেন।

খ) উল্লিখিত বিষয়ে মাঠ পর্যায়ের কোন প্রকার সমস্যা দেখা দিলে যুগ্ম কমিশনার এবং তদূর্ধ্ব কর্মকর্তাদের সাথে তাৎক্ষণিক যোগাযোগ করার জন্যও বলা হলো।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং গত ১৮/০৮/২০১৯খ্রিঃ তারিখে জারীকৃত অফিস আদেশ নং-এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/১১৩০৭ এতদ্বারা বাতিল করা হলো।

স্বাঃ/-

(মোহাম্মদ ফখরুল আলম)

কমিশনার অব কাস্টমস।

তারিখ-২৯/০৮/২০১৯খ্রিঃ

নথি নং- এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/১৪৬৩৩ (কাস)